

CHARACTERISTICS OF LEARNING

(শিখনের বৈশিষ্ট্য)

Education Honours (Semester – II)

Course Type : CC-3

Unit- 3

Sub Unit- 3.1 (Continuation)

&

Education General (Semester – II)

Course Type : CC-2 / GE -2

Unit – 3


Sub Unit- 3.1 (Continuation)

by
Patit Paul
Assistant Professor
Dept. of Education
Azad Hind Fouz Smriti Mahavidyalaya
Domjur, Howrah
patitpaul.gentle@gmail.com

শিখন উদ্দেশ্য : শিখনের বৈশিষ্ট্যগুলি সম্পর্কে ধারণা লাভ

অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা নিম্নলিখিত প্রশ্নটির উত্তর দিতে সক্ষম হবে :

শিখনের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।




মনোবিদদের দেওয়া বিভিন্ন সংজ্ঞাগুলি বিশ্লেষণ করলে শিখনের কতকগুলি বিশেষ বৈশিষ্ট্য খুঁজে পাওয়া যায়। এই বৈশিষ্ট্যগুলি নিম্নে উল্লেখ করা হল -

শিখন হল উদ্দেশ্যমুখী : শিখন হল একটি উদ্দেশ্যমুখী প্রক্রিয়া। প্রত্যেকটি কাজের পেছনে আমাদের কোনো না কোনো উদ্দেশ্য থাকে। পূর্বনির্দিষ্ট উদ্দেশ্য বা লক্ষ্য পৌঁছানোর জন্যই শিক্ষার্থীরা শিখে থাকে।

শিখন হল বিকাশমান প্রক্রিয়া : শিখন হল একটি ক্রমবিকাশমান প্রক্রিয়া। জন্ম থেকে মৃত্যু পর্যন্ত মানুষের জীবনে শিখনের প্রক্রিয়া চলতে থাকে। মানুষ তার মৃত্যু পর্যন্ত শিখন প্রক্রিয়া দ্বারা নানা অভিজ্ঞতা অর্জন করে থাকে।

শিখন হল অভিযোজন : শিখন প্রক্রিয়ার মাধ্যমে ব্যক্তি নতুন পরিস্থিতির সঙ্গে মানিয়ে চলতে শেখে ও নতুন কোনো সমস্যার মধ্যে পড়লে তা সমাধানের জন্য পথ বা উপায় খুঁজে বের করার চেষ্টা করে।



শিখন হল চাহিদা নির্ভর : শিখন হল একটি চাহিদা ভিত্তিক প্রক্রিয়া। কোনো না কোনো চাহিদাকে কেন্দ্র করে আমাদের শিখন হয়। অর্থাৎ চাহিদার পূরণ শিখনকে নিয়ন্ত্রণ করে।

শিখন হল ব্যক্তি ও সমাজ নির্ভর : শিখন যেমন ব্যক্তির চাহিদার উপর নির্ভরশীল তেমনি সমাজের চাহিদাও শিখনকে প্রভাবিত করে। সমাজ তার যাবতীয় আশা-আখাঙ্খ্যা, প্রত্যাশা শিখনের মধ্য দিয়েই পূরণ করে।

শিখন হল আচরণের পরিবর্তন : শিখন হল একটি আচরণ পরিবর্তনের প্রক্রিয়া। কারণ ব্যক্তি যখন কোনো সমস্যার সম্মুখীন হয় তখন সে পূর্বে অর্জিত কোনো আচরণের দ্বারা সমস্যা সমাধানের চেষ্টা করে। এভাবেই তার আচরণের পরিবর্তন ঘটে।

শিখন হল স্থায়ী পরিবর্তন : শিখনের ফলে যে পরিবর্তন হয় তা স্থায়ী প্রকৃতির। অন্যান্য অস্থায়ী বা সাময়িক পরিবর্তনের সঙ্গে শিখনজাত পরিবর্তনের এখানেই পার্থক্য বিদ্যমান।




শিখন হল মানসিক উন্নতি : শিখনের ফলে ব্যক্তি কেবলমাত্র কতকগুলি কৌশলই অর্জন করে না, শিখনের ফলে তার মানসিক উন্নতিও ঘটে থাকে।

শিখন হল অনুশীলন সাপেক্ষ : শিখন হল একটি অনুশীলন নির্ভর প্রক্রিয়া। কারণ পুরনো আচরণ ত্যাগ করে নতুন নতুন আচরণ আয়ত্ত্ব করার জন্য ব্যক্তিকে বারবার অনুশীলন করতে হয়। অনুশীলন ছাড়া শিখন স্থায়ী ও ফলপ্রসূ হয় না।

শিখন হল অভিজ্ঞতার পুনর্গঠন : শিখন হল একটি অভিজ্ঞতা পুনর্গঠনের প্রক্রিয়া। শিখন কেবল জ্ঞান অর্জন নয়, কিংবা কতকগুলি ঘটনার সমাবেশ বা কতকগুলি আচরণের পুনরাবৃত্তির মাধ্যমে দক্ষতা অর্জন করা নয় বরং বলা যায় শিখন হল অভিজ্ঞতা সমূহের পুনর্গঠন।


শিখন হল বুদ্ধি নির্ভর প্রক্রিয়া : শিখন হল এক প্রকার বুদ্ধি নির্ভর প্রক্রিয়া। কারণ উদ্দেশ্যহীনভাবে কোনো কিছু শিখলে তা তাড়াতাড়ি ভুলে যাওয়ার সম্ভাবনা থেকে যায়। যান্ত্রিকভাবে শিখলেও অনুরূপ ফল হয়। আর বুদ্ধির সাহায্যে কোনো কিছু শিখলে শিখন দীর্ঘস্থায়ী হয়।



শিখন হল প্রচেষ্টা নির্ভর প্রক্রিয়া : ব্যক্তি নিজে না সক্রিয় হলে শিখন কখনই সম্ভব নয়। শিখনের জন্য চাই প্রচেষ্টা। প্রচেষ্টার অভাব দেখা দিলে যথাযথ শিখন হয় না।

শিখন হল পরিবেশের ফল : ব্যক্তি তার যাবতীয় অভিজ্ঞতা অর্জন করে থাকে পরিবেশ থেকে। সেই কারণে শিখন হল পরিবেশের ফল। উপযুক্ত পরিবেশ শিখনকে তড়ান্বিত করে।

শিখন হল সর্বজনীন : শিখন কেবলমাত্র মানুষের মধ্যে সীমাবদ্ধ নয়। ইতর প্রাণীরাও শেখে, কারণ তারাও পরিবর্তিত পরিবেশের সাথে শিখনের মাধ্যমে নিজেদের মানিয়ে নেওয়ার চেষ্টা করে। সুতরাং বলা যায়, শিখন হল একটি সর্বজনীন প্রক্রিয়া।



শিক্ষার্থীদের কাজ:

- শিখনের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

